

প্রশ্নোত্তরে রমযান ও ঈদ

বিভাগ/অধ্যায়ঃ ইতিকাফ

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

ইতিকাফ কত প্রকার ও কী কী?

ইসলামী শরীয়তে ইতিকাফ ৩ প্রকার।

(ক) ওয়াজিব ইতিকাফ : ওলামায়ে কেরামের ঐকমত্যে ওয়াজিব ইতিকাফ হলো মানতের ইতিকাফ। আল্লাহ তা'আলা বলেন,

﴿وَلَا يُؤْفَوْنَ نَذْوَرَهُمْ﴾ [২৭] ﴿الحج: ২৭ ...

অর্থাৎ “তারা যেন তাদের মানৎ পূর্ণ করে।” (সূরা হাজ্জ : ২৯)

(খ) সুন্নাত ইতিকাফ : রমযানের শেষ ১০ দিনের ইতিকাফ। সুন্নাতে মুয়াক্কাদা। যেমন :

كَانَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - يَعْتَكِفُ الْعَشْرَ الْأَوَاخِرَ مِنْ رَمَضَانَ

‘রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমযানে শেষ দশদিন ইতিকাফ করতেন।’ (বুখারী : ২০২৫; মুসলিম : ১১৭২)

(গ) মুস্তাহাব ইতিকাফ : উল্লেখিত দু'প্রকার ব্যতীত বাকী সব মুস্তাহাব ইতিকাফ।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=2587>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন